কালের কণ্ঠ

তারিখ ... 07 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# জিপিএর ভিত্তিতেই জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তি

নিজস্ব প্রতিবেদক ▷

জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আর ভর্তি পরীক্ষা দিতে হবে না। প্রাপ্ত জিপিএর ভিত্তিতেই ২০১৫-১৬ শিক্ষাবর্ষে অনার্সে শিক্ষার্থীদের ভর্তি করা হবে। গতকাল রবিবার। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক নোমান উর রশীদের সভাপতিত্বে অনার্স ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এ সিদ্ধান্ত চূড়ান্ত হয়।

গত ১৩ জুন বিশ্ববিদ্যালয়ের ১৭তম সিনেট অধিবেশনে জিপিএর ভিত্তিতে ভর্তির এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু এরপর ভর্তির সময় আসন্ন হলেও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কোনো ঘোষণা না আসায় শিক্ষার্থীরা দ্বিধাদ্বন্দ্বে ছিল। এবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজে অনার্স প্রথম বর্ষে আসনসংখ্যা প্রায় সোয়া দুই লাখ।

গতকাল বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের সেশনজট নিরসনে ক্রাশ প্রোগ্রাম চলছে। ২০১৮ সালের মধ্যভাগ থেকে বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ সেশনজট মুক্ত করা হবে। এরই পরিপ্রেক্ষিতে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিপ্রক্রিয়া আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে। শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসির প্রাপ্ত ফলের ভিত্তিতে মেধাতালিকা করা হবে। ভর্তীকৃত শিক্ষার্থীদের ক্লাস ১ ডিসেম্বর শুরু হবে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য শিগগিরই ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।